

মন্ত্রিপরিষদ বিভাগের জুন ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জুন ২০১৬

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৯ জুলাই ২০১৬

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	২০৮	৩৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯২২	৩৪২
মোট	১,৫০৯	১,১৩০	৩৭৯

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	১২	১৩	০৬	৩৭
দুর্নীতি দমন কমিশন	-	-	৪০	৩০	১৩৫	০৩	২০৮*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১৬-১৮ জুন ২০১৬ মেয়াদে সরকারি সফরে নীলফামারী জেলা পরিদর্শন।		-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ- বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তারিখ	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৮.৪৭	৪.১০ (৪৮%)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	২.০০	১.২০ (৬০%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তারিখ
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারার্থীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৪	-	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	০২
দুর্নীতি দমন কমিশন-১৭	-	-	-	-	১৭	-

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১।	Web Technology for Development	২৪ এপ্রিল - ১৯ জুন ২০১৬	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	একজন
	২।	Financial Investigation	১১-১৮ জুন ২০১৬	বাংলাদেশ পুলিশ	চারজন
	৩।	দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় বাংলা ভাষার যথাযথ ব্যবহার	১৯-২৩ জুন ২০১৬	শিক্ষা মন্ত্রণালয়	দুইজন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ৩৭টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ৩০টি বাস্তবায়িত হয় এবং সাতটি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মে দ্বিতীয় ও জুনের প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪) ২৯ জুন ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২২টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত পঁচটি পত্র জারি করা হয়।

(৬) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৫-১৬ অর্থ-বছরের সংশোধিত বাজেট এবং ২০১৬-১৭ অর্থ-বছরের মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে ১,০৯,১৪৫ টাকা সম্মানী ভাতা হিসাবে প্রদানের জন্য ২২ জুন ২০১৬ তারিখে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়।

(৭) ১২ জুন ২০১৬ তারিখে The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973'-এর ১৬ ধারার (২) উপ-ধারা অনুযায়ী মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের স্বেচ্ছাধীন মঞ্জুরি থেকে কোন একটি কেইসে প্রদেয় অর্থের পরিমাণ বৃদ্ধি করে মন্ত্রীগণের ক্ষেত্রে বিদ্যমান ২৫,০০০ টাকার পরিবর্তে সর্বোচ্চ ৫০,০০০ টাকায়; প্রতিমন্ত্রীগণের ক্ষেত্রে ৬,০০০ টাকার পরিবর্তে সর্বোচ্চ ৩৫,০০০ টাকায় ও উপমন্ত্রীগণের ক্ষেত্রে ৬,০০০ টাকার পরিবর্তে সর্বোচ্চ ২৫,০০০ টাকায় উন্নীত করা হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৩ জুন ২০১৬ তারিখ শুক্রবার ১৬.০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০৩৫ ভিডিআইপি ফ্লাইট যোগে দ্বিপাক্ষিক সফরে সৌদি আরবের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক ০৬ জুন ২০১৬ তারিখে 'The World's Most Powerful Women in 2016' শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকায় বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ৩৬তম যা গত বছরে ছিল ৫৯তম। এছাড়া 'The World's Most Powerful Women in Politics 2016' শীর্ষক তালিকাও একইসঙ্গে 'ফোর্বস' কর্তৃক প্রকাশ করা হয়। উক্ত তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ২৬ জনের মধ্যে ১৫তম। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী 'ফরচুন' কর্তৃক ২৪ মার্চ ২০১৬ তারিখে প্রকাশিত World's Greatest Leaders শীর্ষক বিশ্বের পঞ্চাশ জনের তালিকায় শেখ হাসিনাকে দশম স্থানে অন্তর্ভুক্ত করা হয়। প্রথিতযশা সাময়িকী 'ফোর্বস'-এ 'The World's Most Powerful Women in 2016' শীর্ষক তালিকায় স্থায়ী অবস্থান উন্নত করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ জুন ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(১০) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী রুলস অব বিজনেস, ১৯৯৬-এর রুল ৩(৪)-এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোল্লিখিত প্রতিমন্ত্রীর দপ্তর নিম্নরূপভাবে পুনর্বন্টন করেনঃ

প্রতিমন্ত্রীর নাম	বর্তমান দপ্তর	পুনর্বন্টনকৃত দপ্তর
জনাব নুরুজ্জামান আহমেদ	খাদ্য মন্ত্রণালয়	সমাজকল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের দায়িত্বে)

(১১) সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে স্ব স্ব পদে অধিষ্ঠিত থাকাকালীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব আনিসুল হক ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ সাইদ খোকন মন্ত্রীর; রংপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব সরফুদ্দীন আহম্মেদ প্রতিমন্ত্রীর এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র বেগম সেলিনা হায়াৎ আইভী উপ-মন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতা ও আনুষঙ্গিক অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপনগুলি বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(১২) দশম জাতীয় সংসদের অধিবেশন চলাকালীন খাদ্য মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সংসদ বিষয়ক বিষয়ক কার্যাবলি সম্পাদন সংক্রান্ত ২৬ জুন ২০১৬ তারিখে প্রজ্ঞাপন জারি করা হয়।

- (১৩) ফৌজদারি কার্যবিধির আওতায় দায়েরকৃত ২০১০ ও ২০১১ সালের মামলা নিষ্পত্তি সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৪) মে ২০১৬ মাসে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৬ জুন ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনারকে পত্র প্রেরণ করা হয়।
- (১৫) নাটোর জেলার খ্রিষ্টান সম্প্রদায়ের মুদি দোকানদার জনৈক সুনীল রোজারিও হত্যাকাণ্ড সংক্রান্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৬) নরসিংদী সদর উপজেলার পাঁচদোনা ইউনিয়ন পরিষদ নির্বাচনে পাটুয়া মাদরাসা কেন্দ্রে হামলা ও ককটেলসহ আটককৃতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ না করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৯ জুন ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৭) ঝিনাইদহ সদর উপজেলাধীন খড়াশুনি গ্রামের মষেভাগাড় মাঠ এলাকায় জনৈক পুরোহিত অনন্ত কুমার গাঙ্গুলীকে হত্যাকাণ্ড সংক্রান্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১২ জুন ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৮) শ্রী শ্রী অনুকুল চন্দ্র ঠাকুর সংসঙ্গ আশ্রমের সেবক হত্যাকাণ্ড সংক্রান্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ জুন ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৯) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সভার কার্যবিবরণীর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২০) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিট তিন জন, নথিভুক্তির জন্য ৪৪ জন এবং এফআরটি চার জন সরকারি কর্মকর্তার বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয় এবং বিভিন্ন আইনে ৩৩ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।
- (২১) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মে ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।
- (২২) দ্বিতীয় শ্রেণিভুক্ত কর্মকর্তাসহ ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাধারণ ও রাজস্ব প্রশাসনে একই কর্মস্থলে তিন বছরের অধিককাল ধরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য ১৬ জুন ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ই-মেইলযোগে (gfa_branch@ cabinet.gov.bd) স্ক্যান কপি ও সফটকপি প্রেরণ করার জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়।
- (২৩) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৮ ডিসেম্বর ২০১৫ তারিখে কক্সবাজার জেলা পরিদর্শন করেন; জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৩ এপ্রিল ২০১৬ তারিখে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলা পরিদর্শন করেন; জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৭ এপ্রিল ২০১৬ তারিখে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলা এবং জনাব মুহাম্মাদ আসাদুল হক, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ০৫ মে ২০১৬ তারিখে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।
- (২৪) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।
- (২৫) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৩ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে সাত জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং তিন জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা বুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।
- (২৬) পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল ও সহনীয় পর্যায়ে রাখার বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৭) বিভিন্ন কমিটিতে জেলা প্রশাসকের প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার-এর অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়।

(২৮) দরিদ্র-মেধাবী শিক্ষার্থীদের পৃষ্ঠপোষকতায় স্থানীয় সুধিবৃন্দের সমন্বয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) কক্সবাজার সদর উপজেলায় একটি আধুনিক লবণ গবেষণা ইনস্টিটিউট ও লবণ চাষি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের বিষয়ে শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) নীলফামারী জেলা শহরের প্রধান রাস্তায় দূরপাল্লার বাস সার্ভিসের টিকেট কাউন্টার চালু ও পার্কিং বন্ধকরণ এবং গরুর হাট বসানোর জন্য প্রদত্ত জেলা কেন্দ্রীয় বাস টার্মিনালের ইজারা বাতিলের বিষয়ে জেলা প্রশাসক, নীলফামারী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় কোল পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের জন্য অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণের বিষয়ে বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) বাগেরহাট জেলার মাদক চোরাচালান ও এর অপব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে জেলা প্রশাসক, বাগেরহাট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে সড়কপথে যাতায়াতকারী যাত্রীসাধারণের যাতায়াত নির্বিঘ্নকরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) নির্দিষ্ট স্থানে কোরবানির পশু জবেহকরণ ও দূত বর্জ্য অপসারণের বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) মন্ত্রিপরিষদ সচিব ও বিভাগীয় কমিশনারগণের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়।

(৩৬) ০২ জুন ২০১৬ তারিখে National Social Security Strategy-এর সুষ্ঠু ও কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে বিষয়ভিত্তিক কর্মসূচি ক্লাস্টার গঠন এবং এর কার্যপরিধি ও কার্যপ্রণালি সংক্রান্ত পরিপত্র জারি করা হয়।

(৩৭) ০২ জুন ২০১৬ তারিখে National Social Security Strategy-এর সুষ্ঠু ও কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় ও ক্লাস্টারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির একটি উপকমিটি গঠন করা হয় এবং ০৯ জুন ২০১৬ তারিখে এ কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(৩৮) সিআরভিএস বাস্তবায়ন কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়।

(৩৯) ১৫ জুন ২০১৬ তারিখে 'Building Capacity for the Use of Research Evidence (BCURE)' প্রকল্পের The Project Implementation Committee (PIC) সভা এবং The Project Steering Committee-র সভা আয়োজন করা হয়।

(৪০) ১৩ জুন ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ সচিব-এর সভাপতিত্বে এ বিভাগের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।

(৪১) মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের ই-ফাইলিং (নথি) ব্যবস্থাপনা বিষয়ে দুই দফায় ১২-১৩ এবং ১৯-২০ জুন ২০১৬ মেয়াদি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

(৪২) ১৬ জুন ২০১৬ তারিখ সেবা সহজিকরণ বিষয়ক অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত বিয়য়ে দুই দফায় সাতটি মন্ত্রণালয়ের সচিবগণ ও সাতটি অধিদপ্তরের মহাপরিচালকগণের সমন্বয়ে ও মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে সভার আয়োজন করা হয়।

গ. আগামী দুই (জুন-জুলাই) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

- (৮) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।
- (৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।
- (১০) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাঙ্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।
- (১১) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠান।
- (১২) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।
- (১৩) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd